



Chittagong Dry Dock Limited

Bangladesh Navy

East Patenga, Chattogram, Bangladesh

Phone: +880-2333301116, Mobile: +8801769744434

Fax: +880-2333301123, E-mail: contact@cddl.gov.bd, Website: www.cddl.gov.bd



২৩.০২.১৫৬৫.৩৪১.১১.০০১.২৬. ১৯৮

১৩ বৈশাখ ১৪৩৩/২৬ এপ্রিল ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

চিটাগাং ড্রাই ডক লিমিটেড (সিডিডিএল), বাংলাদেশ নৌবাহিনী, পোঃ বক্স নং-২০০৭ (বন্দর), পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম- এ নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে 'কাজ নেই বেতন নেই' হিসেবে ৮৯ দিনভিত্তিক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ	পদের নাম	পদ সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন/মজুরি
১।	এমএলএসএস	০২	অনূর্ধ্ব ৩২ বছর।	ক। ৮ম শ্রেণি পাস। খ। কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপিং এ দক্ষতা অগ্রগণ্য।	দৈনিক টাকা ৪৫০/-
২।	ইলেকট্রিশিয়ান	০৩	অনূর্ধ্ব ৩২ বছর। (অভিজ্ঞতাসম্পন্নদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)।	ক। ন্যূনতম ৮ম শ্রেণি পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ বছরের অভিজ্ঞতা অগ্রগণ্য। খ। শিপ ইয়ার্ড/ডক ইয়ার্ডে জাহাজ নির্মাণ/ মেরামতকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে চাকরির অভিজ্ঞতা অগ্রগণ্য। গ। কারিগরি বিষয়ে ট্রেড কোর্স/ ভোকেশনাল/সমমান পাশ অগ্রগণ্য।	[অত্র প্রতিষ্ঠানে প্রচলিত ৮৯ দিনভিত্তিক শ্রমিক-কর্মচারীদের জন্য প্রযোজ্য বেতন কাঠামো অনুযায়ী বেতন, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে।]

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়: ১৮ মে ২০২৬ বিকাল ৪.৩০ ঘটিকা।

নিয়মাবলী:

- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- খামের উপর আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।
- চাকরির জন্য নির্ধারিত আবেদন ফরম প্রতিষ্ঠান হতে সরাসরি সংগ্রহ করা যাবে। এছাড়া, প্রতিষ্ঠানের ওয়েবসাইট (www.cddl.gov.bd) হতেও আবেদন ফরমটি ডাউনলোড করে আবেদন করা যাবে।
- প্রার্থীকে সঠিকভাবে পূরণকৃত আবেদন ফরমের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র এবং অভিজ্ঞতা সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে।
- পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র এবং অভিজ্ঞতা সনদপত্রের মূলকপি সাথে আনতে হবে। সঙ্গত কারণে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি গ্রহণযোগ্য।
- কোন প্রার্থী সরকারি/রাষ্ট্রায়ত্ত্ব/স্বায়ত্ত্বশাসিত/সমধর্মী প্রতিষ্ঠানে চাকরিরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে সংগৃহীত অনাপত্তিপত্র আবেদন ফরমের সাথে জমা প্রদান করতে হবে এবং মূল কপিটি পরীক্ষার দিন সাথে আনতে হবে।
- অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- যে সকল আবেদনকারীর আবেদন প্রাথমিক বাছাইয়ের পর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে, তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবহিত করা হবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ যাতায়াত কিংবা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- প্রাথমিক বাছাই এবং চূড়ান্ত পরীক্ষায় প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সিডিডিএল এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন বাতিল করার অধিকার সিডিডিএল সংরক্ষণ করে।
- বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের সংখ্যা,হ্রাস/বৃদ্ধি বা বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/প্রত্যাহারের সর্বস্বত্ব অধিকার সিডিডিএল সংরক্ষণ করে।
- কোন প্রার্থী সিডিডিএল অথবা সরকারি কোনো চাকরি থেকে বহিষ্কৃত হলে তিনি চাকরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন।

জিজি মোর্শেদ
ক্যাপ্টেন বিএন
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক